দৈনিক ইত্তেফাক

তারিখ ... 23 NOV 1997 ...
পৃঃ ৬ কলাম ৮

# উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগে প্রধান শিক্ষকসহ ২ জনের বিরুদ্ধে মামলা

কালিয়া (নড়াইল) সংবাদদাতা ॥ কালিয়া থানাধীন বাস্তুডাঙ্গা সিএমবি ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের জন্য বরাদ্দকৃত উপবৃত্তি প্রকল্পের টাকা আত্মসাতের অভিযোগে বিদ্যালয়ের প্রধান শিক্ষক যুগোল কিশোর বিশ্বাস ও বিদ্যালয় কার্যকরী কমিটির সদস্য শেখ কওছার আলীর বিরুদ্ধে আদালতে মামলা হইয়াছে।

অভিযোগে প্রকাশ, বিদ্যালয় পরিত্যাগ করিয়া চলিয়া যাওয়া প্রাক্তন ৭৬ জন ছাত্রীর অজ্ঞাতে অভিযুক্ত প্রধান শিক্ষক ও তাহার সহযোগী পরস্পর যোগসাজশে ১৯৯৬ সালের দ্বিতীয় কিস্তির (জুন-ডিসেম্বর) ১৬ হাজার টাকা ঐ সমস্ত ছাত্রীর নাম নিজেরাই স্বাক্ষর করিয়া টাকা তুলিয়া ভাগ বাটোয়ারা করিয়া নেয়। অভিযুক্তরা ছাত্রীদের নামের ব্যাংক প্রদত্ত চেক বইয়ে, বৃত্তির টাকা বিতরণ খাতা ও মাষ্টার রোলে ঐ সমস্ত ছাত্রীর নাম নিজেরাই স্বাক্ষর করিয়া দেয়। চলতি বছরের প্রথম কিস্তির (জানঃ-জুন) উপবৃত্তির টাকা গত ২১শে অক্টোবর বিতরণের সময় অভিযুক্তদের অপকর্মের বিষয়টি ধরা পড়িয়া যায়। অভিযোগে আরও প্রকাশ, উপবৃত্তির জন্য তালিকাভুক্ত ৪৪ জন ছাত্রীর নামই ভুয়া। তাহারা আদৌ ঐ বিদ্যালয়ের ছাত্রী নয়।

প্রধান শিক্ষক যুগোল কিশোর বিশ্বাস ও কার্যনির্বাহী সদস্য শেখ কওছার আলী কর্তৃক জালিয়াতির মাধ্যমে উপবৃত্তি প্রকল্পের সরকারী টাকা আত্মসাতের অভিযোগে অভিভাবক ও এলাকাবাসীর পক্ষে শেখ সিরাজুল হক গত ২৮শে অক্টোবর কালিয়া নালিশী আদালতে উপরোক্ত দুই ব্যক্তির বিরুদ্ধে একটি মামলা দায়ের করিয়াছেন। আদালত বিষয়টি বিচার বিভাগীয় তদন্তের জন্য নড়াইলের একজন ম্যাজিষ্ট্রেট উপর ন্যাস্ত করিয়াছে।

০৭